JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চারটি দূষিত স্থানের সম্পূর্ণ পরিষ্কারকরণের জন্য 4.8 মিলিয়ন মার্কিন ডলার অর্থ ব্যয়ের ঘোষণা দেন

সাইরাকিউস, ক্লে, কোর্টল্যান্ড এবং গ্লাভারসভিলের সম্পত্তিগুলো স্টেটের পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি (Environmental Restoration Program, ERP)-তে অংশগ্রহণ করবে

অনুদান মিউনিসিপ্যালিটিগুলোকে দূষিত স্থানসমূহ পরিষ্কারকরণের কাজে সাহায্য করবে, কমিউনিটিগুলোকে রক্ষা করবে এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ পুনর্নির্মাণের জন্য নির্ধারিত স্থানসমূহের দূষণ পরিষ্কারকরণে চারটি মিউনিসিপ্যালিটিকে সাহায্য করার উদ্দেশ্যে 4.8 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের ঘোষণা দেন। সাইরাকিউস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Syracuse Industrial Development Agency), ক্লে টাউন, গ্লাভারসভিল সিটি এবং কোর্টল্যান্ড সিটি, এদের প্রত্যেকে স্থানীয় সরকারকে ঐতিহাসিকভাবে দূষিত স্থানসমূহ পরিষ্কারকরণ এবং সম্পত্তিগুলো উৎপাদনশীল কাজে ব্যবহার করার জন্য সাহায্যকারী স্টেটের ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি এর মাধ্যমে অনুদান লাভ করবে।

"কেবল পরিবেশ রক্ষা নয় বরং একই সাথে কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করে এবং কর্মসংস্থানও সৃষ্টি করে এমন কৌশলগত বিনিয়োগ করার ক্ষেত্রে নিউ ইয়র্ক নেতৃত্ব দিয়ে চলেছে", **গভর্নর কুওমো বলেন।** "এই অনুদানের মাধ্যমে আমরা কয়েক দশকের পুরনো দূষণ পরিষ্কারকরণ এবং সবশেষে স্থানীয় অর্থনীতি জোরদার করে এবং এই অঞ্চলকে পুনরুজ্জীবিত করে তোলার কাজে অবদান রেখে স্থানগুলোর পুনর্নির্মাণের দিকে অগ্রসর হওয়ায় মিউনিসিপ্যালিটিগুলোকে সাহায্য করতে পারব।"

"নিউ ইয়র্কে পরিবেশের প্রতি আমাদের প্রতিশ্রুতির একটি অংশ হলো স্টেটের বিভিন্ন দূষিত স্থানসমূহের সংস্কারের জন্য প্রতিদিন কাজ করে যাওয়া", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "স্টেটের তহবিলের এই বিনিয়োগের মাধ্যমে আমরা স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলোকে বছরের পর বছর খালি পড়ে থাকা স্থানসমূহ পরিষ্কার করে সেগুলোকে অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান বৃদ্ধির জন্য ফলপ্রসূ স্থানে পরিণত করতে সাহায্য করছি। তাছাড়া, এই সুনির্দিষ্ট বিনিয়োগসমূহ ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক বস্তুগুলো সরানোর মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও জন নিরাপত্তার ক্ষেত্রে উন্নয়ন ঘটাচ্ছে।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "অতীতে দূষিত হয়ে থাকা সম্পত্তিগুলোর পরিষ্কারকরণ ও নবযৌবন দান জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় সাহায্য করে এবং অর্থনৈতিক প্রাণবন্ততার বিকাশ ঘটায়। আজকের ঘোষিত এই অনুদান সম্ভব হয়েছে গভর্নর কুওমো ও অন্যান্য ব্যক্তিগণের অবিরাম প্রচেষ্টার ফলে যারা বলিষ্ঠভাবে ক্ষতিগ্রস্ত সম্পত্তিগুলোর সংস্কারের কথা প্রচার করেছেন এবং ব্রাউনফিল্ড পরিষ্কারকরণ এবং স্টেটজুড়ে পুনর্নির্মাণ কাজে সমর্থন দিয়েছেন, যা বৃহৎ ও ক্ষুদ্র কমিউনিটিগুলোকে লাভবান করেছে।"

1996 সালে সৃষ্টি হওয়া ERP মিউনিসিপ্যালিটিগুলোকে মিউনিসিপ্যালিটির অধীন ব্রাউনফিল্ড সম্পত্তিগুলোতে পুনর্নির্মাণে সাহায্য করা, এখন পর্যন্ত 130 টির বেশি স্থানের পরিষ্কারকরণে সাহায্য করার স্বার্থে হওয়া ব্যয় পরিশোধের জন্য অনুদান প্রদান করে থাকে। অনুদানের জন্য অর্থায়ন প্রাথমিকভাবে স্টেটের বিপজ্জনক বর্জ্য পরিষ্কারকরণ অ্যাকাউন্ট (Hazardous Waste Cleanup Account) এর মাধ্যমে করা হয়ে থাকে। 2009 সাল নাগাদ প্রকল্পটির জন্য অর্থায়ন নি:শেষ হয়ে গিয়েছিল, কিন্তু গভর্নর কুওমোর নেতৃত্বে এখন স্টেটজুড়ে কমিউনিটিগুলোর ERP স্থানগুলোর অনুসন্ধান ও পরিষ্কারকরণ কাজে ব্যবহৃত হবে বছরে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত যাতে নিশ্চিত করা যায় যে এই স্থান আজ ঘোষিত স্থানগুলোর মতো এই অবস্থায় আর কখনো না আসে।

আজকের ঘোষিত অনুদান এই নতুন তহবিলের প্রথম ব্যবহার। সাইরাকিউস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি, ক্লে টাউন, গ্লাভারসভিল সিটি এবং কোর্টল্যান্ড সিটি, এদের প্রত্যেকে DEC এর সাথে তহবিল চুক্তিতে অংশ নিবে যেখানে মিউনিসিপ্যালিটি প্রকল্পের 10 শতাংশ ব্যয়ের জন্য দায়বদ্ধ থাকবে।

সেনেটর র‍্যাচেল মে বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কের ভালো বেতনের উৎপাদন কাজ ভিত্তিক শক্তিশালী অর্থনীতি বিদ্যমান থাকার এক গর্বিত ইতিহাস রয়েছে। কিন্তু সেই ইতিহাসের একটি অংশ শিল্প কারখানার উপজাতসমূহ যেগুলো পানি ও মাটিতে বিষাক্ত পদার্থরূপে বিদ্যমান। আমাদের আঞ্চলিক অর্থনীতি পরিবর্তিত হয়ে যাওয়ার পর আমরা নিজেদের প্রাক্তন ইন্ডাস্ট্রিয়াল সম্পত্তিগুলোতে বিপজ্জনক পদার্থের বোঝা এবং সেগুলো পরিষ্কার করার দায়িত্ব নেয়া কোনো পক্ষ না থাকা অবস্থায় পেলাম। আমি অত্যন্ত আনন্দিত যে সাইরাকিউস সিটি পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি থেকে প্রাক্তন সাইরাকিউস রিগিং প্রপার্টি (Former Syracuse Rigging Property) এর ব্রাউনফিল্ড সাইটে কাজের জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলারের এই অনুদান পাচ্ছে। সেন্ট্রাল নিউ ইয়র্কে জমি পুনরুদ্ধারে সহায়তা করার জন্য গভর্নরকে ধন্যবাদ।"

সেনেটর জেমস এল. সিওয়ার্ড বলেন, "অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশ উভয়ই পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচি (ERP) এর শীর্ষ অগ্রাধিকার যা দীর্ঘ দিনের পরিত্যাক্ত সাইটে নতুন জীবনের সঞ্চার করবে। অর্থনৈতিক সমৃদ্ধি, নতুন আবাসন এবং অন্যান্য স্থানীয় উদ্যোগে সাহায্য করছে এমন বিভিন্ন স্টেটের অনুদানের কারণে কোর্টল্যান্ড এক প্রকৃত রূপান্তরের মাঝামাঝি অবস্থানে আছে। নস ইন্ডাস্ট্রিয়াল পার্ককে (Noss Industrial Park) পুনরুজ্জীবিত করলে তা ভবিষ্যৎ প্রজন্মগুলোর জন্য অঞ্চলটিকে আরো সমৃদ্ধ করবে।"

সেনেটর জিম টেডিসকো বলেন, "স্টেটের এই নতুন অনুদান গ্লাভারসভিলের একটি সাইটের বহুল প্রতীক্ষিত পরিষ্কারকরণ কাজে সাহায্য করবে যা পরিবেশের জন্য সহায়ক হবে এবং শেষ পর্যন্ত স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের দিকে নিয়ে যাবে যা করদাতাদের জন্য ইতিবাচক হয়ে দাঁড়াবে। আমি গভর্নর এবং কমিশনার সেগোসকে এই অনুদান অনুমোদনের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলিওমেন বারবারা লিফটন বলেন, "DEC এর এই অনুদান কোর্টল্যান্ড কমিউনিটির জন্য একটি বিষাক্ত প্রাক্তন উৎপাদন সাইট পরিষ্কারকরণ এবং ভবিষ্যৎ অর্থনৈতিক উন্নয়নের জন্য সম্পত্তিকে উপযোগী করে তোলার এক বিশাল সুযোগের প্রতিনিধিত্ব করছে। এই ধরনের সম্পত্তিগুলোকে পুনরায় উৎপাদনশীল কাজে লাগানো পরিবেশ এবং স্থানীয় অর্থনীতি উভয়ের জন্য লাভজনক এবং আমি এই প্রচেষ্টায় সহায়তা করতে পেরে গর্বিত। আপস্টেট নিউ ইয়র্কে অব্যাহত বিনিয়োগের জন্য গভর্নর এবং DEC-কে আমার ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলিম্যান উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "পিট স্ট্রিটের সাবেক সাইরাকিউস রিগিং সাইটটির সেই 1890 সাল থেকে শিল্প ও বাণিজ্যিক কার্যক্রমের জন্য ব্যবহৃত হওয়ার ইতিহাস রয়েছে কিন্তু প্রায় 20 বছরের বেশি সময় ধরে এটি অব্যবহৃত হয়ে পড়ে আছে। পরিবেশ পুনরুদ্ধার কর্মসূচির অনুদানের ঘোষণা অঞ্চলটি সংস্কার এবং পুনরায় ব্যবহৃত হওয়ার আশা জাগিয়ে তুলেছে। পরিষ্কার কাজের সামগ্রিক ব্যয় মিউনিসিপ্যালিটির উপর চাপিয়ে না দিয়ে কাজটি করার ফলে স্থানীয় অধিবাসীগণ, আমাদের শহর এবং প্রধানত আমাদের পরিবেশ লাভবান হচ্ছে।"

অ্যাসেম্বলিম্যান রবার্ট জে. স্মুলেন বলেন, "গ্লাভারসভিলের প্যান আমেরিকান ট্যানারি সাইটে (Pan American Tannery Site) পরিষ্কার কাজ সম্পন্ন করার জন্য স্টেটের অনুদান প্রদান করতে দেখা আনন্দদায়ক। ঝুঁকিপূর্ণ বিপজ্জনক বস্তু ও দূষণ দূর করার মাধ্যমে আমরা নতুন অর্থনৈতিক সুযোগের ইতিবাচক দ্বার উম্মোচন করছি যা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করতে এবং আমাদের পরিবারকে নিরাপদ রাখতে সাহায্য করবে। প্রত্যেক নিউ ইয়র্কবাসী এক নিরাপদ ও পরিষ্কার পরিবেশে বাস করছেন তা নিশ্চিত করায় আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।"

অ্যাসেম্বলিম্যান আল স্ট্রাইপ বলেন, "এই সপ্তাহে ধরিত্রী দিবস এর সম্মানে আমাদের অবশ্যই এটি মেনে নিতে হবে যে আমাদের পরিবেশ নাজুক এবং প্রাকৃতিক সম্পদ অসীম নয়। কেবল ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের পরিবেশ রক্ষা ও সংরক্ষণ করাই নয়, অতীতের ক্ষতি কাটিয়ে উঠার জন্য কাজ করাও আমাদেরই দায়িত্ব। এই অনুদান ক্লে টাউনকে একটি দূষিত সাইট পরিষ্কার করায় সাহায্য করবে যাতে এটি পুনরায় ব্যবহার করা যায় এবং আমাদের পরিবারবর্গের জন্য পানযোগ্য পরিষ্কার পানি, নিঃশ্বাস নেয়ার সতেজ বাতাস এবং ব্যবহারের জন্য স্বাস্থ্যকর ভূমি নিশ্চিত করার জন্য স্টেটের যে প্রতিশ্রুতি তার বাস্তবায়ন অব্যাহত থাকে। আমি এই প্রকল্প বাস্তবায়ন হওয়া এবং আমাদের অপেক্ষাকৃত পরিষ্কার, টেকসই সেন্ট্রাল নিউ ইয়র্কের দিকে অগ্রসর হতে দেখার প্রতীক্ষা করছি।"

এই সর্বশেষ রাউন্ডে অনুদান পাওয়া প্রকল্পসমূহ হলো:

অনন্ডাগা কাউন্টি

ক্লে টাউন: 2,990,000 মার্কিন ডলার

মেইডার রোড ওয়াটার ফ্রন্ট সাইট (Maider Road Waterfront Site) 1940 সাল থেকে 1996 সাল পর্যন্ত জ্বালানি তেল ও অ্যাসফাল্টের জন্য স্টোরেজ ফ্যাসিলিটি হিসেবে ব্যবহৃত হয়ে আসছিল। নর্দান পার্সেলে বার্জ আনলোডিং এর জন্য একটি ডক রয়েছে। সাইটে এবং সাইট থেকে আংশিক পেট্রোলিয়াম পাইপলাইন দিয়ে নেয়া হতো যা ওনেইডা নদী (Oneida River) থেকে সাইট পর্যন্ত গিয়েছে। এছাড়া পেট্রোলিয়াম সাইটে এবং সাইট থেকে সাইটের পূর্ব দিকে একটি রেল স্পারের (rail spur) মাধ্যমেও নেয়া হতো। এই অনুদান DEC এর পরিষ্কারকরণ পরিকল্পনা, পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামের উপজাত পদার্থসমূহ যেমন পলিসাইক্লিক অ্যারোমেটিক হাইড্রোকার্বন (polycyclic aromatic hydrocarbons, PAHs) এবং আর্সেনিকের মত ভারি ধাতুর কারণে দূষিত হওয়া মাটি ও পানি পরিষ্কারকরণের মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা, বাস্তবায়নের কাজে ব্যবহৃত হবে।

সাইরাকিউস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি: 1,501,000 মার্কিন ডলার

প্রাক্তন সাইরাকিউস রিগিং প্রোপার্টি অন্তত 1890 সাল পর্যন্ত বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প কার্যক্রমে সহায়তা করেছে যার মধ্যে একটি স্ট্রাকচারাল স্টিল ওয়ার্কস (structural steel works), একটি ফোর্জ (forge) এবং একটি মেশিন শপ, একটি ইকুইপমেন্ট রিপেয়ার ফ্যাসিলিটি এবং একটি পেইন্ট ও বার্নিশ সাপ্লায়ার অন্তর্ভুক্ত। অতীতের কার্যক্রম বাল্ক স্টোরেজ ট্যাঙ্ক ও পাইপিং থেকে বের হওয়া পেট্রোলিয়াম পণ্যের দ্বারা সাইট দূষণের সৃষ্টি করেছে। এই অর্থায়ন DEC এর পরিষ্কারকরণ পরিকল্পনা, যা বিভিন্ন প্রকার ধাতু ও PAH এর কারণে দূষিত হওয়া মাটি ও পানি পরিষ্কারকরণের মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষামূলক, তা বাস্তবায়নের কাজে ব্যবহৃত হবে।

ফুল্টন কাউন্টি

গ্লাভারসভিল সিটি: 192,000 মার্কিন ডলার

প্যান আমেরিকান ট্যানারি সাইট একটি সাবেক ট্যানারি যা অন্তত 1912 সাল থেকে 1990 সালের মাঝামাঝি পর্যন্ত কার্যকর ছিল, প্রাথমিকভাবে একটি রি-ট্যানিং ও ফিনিশিং ফ্যাসিলিটি (re-tanning and finishing facility) হিসেবে। এই অনুদান DEC এর পরিষ্কারকরণ পরিকল্পনা, যা PAH, উদ্বায়ী জৈব যৌগ (volatile organic compounds, VOCs) এবং আর্সেনিক ও তামার মতো ধাতুর কারণে দূষিত হওয়া মাটি ও পানি পরিষ্কারকরণের মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষামূলক, তা বাস্তবায়নের কাজে ব্যবহৃত হবে।

কোর্টল্যান্ড কাউন্টি

কোর্টল্যান্ড সিটি: 115,000 মার্কিন ডলার

নস ইন্ডাস্ট্রিয়াল পার্ক সাইট 1866 সাল থেকে 1970 সাল পর্যন্ত একটি তার প্রস্তুতকারক ফ্যাসিলিটির (wire manufacturing facility) দখলে ছিল। এছাড়া তারের কেমিক্যাল পিকলিং করার কাজে শক্তিশালী এসিড ব্যবহৃত হয়। যখন ভবনগুলো ভেঙ্গে ফেলা হয় তখন পাথরকুঁচি দিয়ে বেজমেন্ট ও অন্যান্য গর্তগুলো ভরাট করা হয়। এই অর্থায়ন DEC এর পরিষ্কারকরণ পরিকল্পনা, যা PAH, VOC এবং আর্সেনিকের মতো ভারি ধাতুর কারণে দূষিত হওয়া মাটি ও পানি পরিষ্কারকরণের মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষামূলক, তা বাস্তবায়নের কাজে ব্যবহৃত হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন